# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
## বিসিক প্লাস্টিক শিল্পনগরী(১ম সংশোধিত) প্রকল্প
## সিরাজদিখান, মুন্সিগঞ্জ

অস্থায়ী কার্যালয় : মালেক ম্যানশন (৫ম তলা), ১২৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

স্মারক নং- ৩৬.০২.০১৪.১৯.০০.০৭২.২০২০/৪৪৯ তারিখ : ১০ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ।

# RFP (Request for Proposal) পদ্ধতিতে জনবলের সেবা ক্রয়ের বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়নাধীন বিসিক প্লাস্টিক শিল্পনগরী (১ম সংশোধিত) প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (প্রকল্পের মেয়াদকাল মার্চ ২০২১ হতে জুন ২০২১ সময়ের জন্য) নিম্নবর্ণিত পদসমূহে মাসিক সাকুল্য বেতনে আউট সোর্সিং পদ্ধতিতে জনবল সেবা ক্রয়ের নিমিত্ত আগ্রহী প্রতিষ্ঠানকে আউটসোর্সিং সেবাদানকারী ঠিকাদার হিসেবে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক প্রদানকৃত লাইসেন্সসহ হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন-এর কপি, ভ্যাট রেজিষ্ট্রেশন, আয়কর পরিশোধের সনদ ও সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/উন্নয়ন প্রকল্পে জনবল সরবরাহের অভিজ্ঞতার সনদপত্র এবং আর্থিক স্বচ্ছলতার সনদসহ ইত্যাদি ১ম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি আগামী ১৭-০২-২০২১ তারিখে বেলা ১.০০ ঘটিকার মধ্যে নিজস্ব প্যাডে প্রকল্প পরিচালক, বিসিক প্লাস্টিক শিল্পনগরী বরাবর আবেদনপত্র দাখিলের জন্য আহ্বান করা যাচ্ছে। যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে কমিটি/কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত প্রতিষ্ঠানের অনুকূলে **RFP** টেন্ডার ডকুমেন্ট সরবরাহ করা হবে।

| ক্র. নং | সেবার নাম | সেবার গ্রেড | পদের সংখ্যা | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১। | পাম্প অপারেটর | ক্যাটাগরী-২ | ০১ | ১৮ হতে ৩০ বছর | ৮ম শ্রেণী পাশ | সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য। |
| ০২। | পরিস্কার-পরিচ্ছন্নতা কর্মী | ক্যাটাগরী-৫ | ০১ | ১৮ হতে ৩০ বছর | ৮ম শ্রেণী পাশ | |
| ০৩। | নিরাপত্তা প্রহরী | ক্যাটাগরী-৫ | ০২ | ১৮ হতে ৩০ বছর | ৮ম শ্রেণী পাশ | |

## RFP দাখিলের শর্তাবলী ঃ

০১) আবেদনপত্র পাওয়ার পর যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে কমিটি কর্তৃক যে সকল প্রতিষ্ঠানকে নির্বাচিত করা হবে সে সকল নির্বাচিত প্রতিষ্ঠান নিজস্ব প্যাডে আগামী ২২-০২-২০২১ তারিখ সময় ১.০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত খামে উপর্যুক্ত ছক অনুযায়ী প্রস্তাব উল্লেখ করে হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিআইএন-এর কপি, ভ্যাট রেজিষ্ট্রেশন, আয়কর পরিশোধের সনদ ও সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/উন্নয়ন প্রকল্পে জনবল সরবরাহের অভিজ্ঞতার সনদপত্র ও আর্থিক স্বচ্ছলতার সদন ইত্যাদি ১ম শ্রেণীর সরকারি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দরপত্র প্রস্তাব প্রকল্প পরিচালক, বিসিক প্লাস্টিক শিল্পনগরী(১ম সংশোধিত) প্রকল্প, সিরাজদিখান, মুন্সিগঞ্জের অস্থায়ী কার্যালয়ঃ মালেক ম্যানশন (৫ম তলা), ১২৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ এ সংরক্ষিত বাক্সে দাখিল করতে হবে।

| সেবার নাম | মাসিক সেবা মূল্য | সার্ভিস চার্জ | আয়কর | মোট সেবা মূল্য | ভ্যাট | মাসিক সর্বমোট সেবা মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫(২+৩) | ৬ | ৭(৪+৫+৬) |
| | | | | | | |

০২) দরপত্র জামানত হিসেবে ৪ জন জনবলের ০১(এক) মাসের সর্বমোট বেতন ভাতার ১০% হারে প্রকল্প পরিচালক, বিসিক প্লাস্টিক শিল্পনগরী প্রকল্প বরাবরে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে দাখিল করতে হবে।

০৩) আগামী ২২-০২-২০২১ তারিখ ২.৩০ ঘটিকার সময় প্রাপ্ত প্রস্তাবসমূহ দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। অসম্পূর্ণ অথবা ত্রুটিপূর্ণ প্রস্তাব বাতিল বলে গণ্য করা হবে।

০৪) মূল্যায়ন কমিটি কর্তৃক যে প্রতিষ্ঠানের প্রস্তাব চূড়ান্তভাবে বিবেচিত হবে কেবলমাত্র সে প্রতিষ্ঠানকে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। সাক্ষাৎকারের তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে। প্রার্থীদের সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

০৫) নির্বাচিত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হবে।

০৬) নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকৃত জনবলের ০১(এক) মাস বেতন ভাতার ১০% হারে পারফরমেন্স সিকিউরিটি হিসেবে পে-অর্ডার ব্যাংক ড্রাফটের মাধ্যমে প্রকল্প পরিচালক, বিসিক প্লাস্টিক শিল্পনগরী বরাবর জমা দিতে হবে। চুক্তির মেয়াদ শেষে সেবার মানের ভিত্তিতে উক্ত পারফরমেন্স সিকিউরিটির টাকা ফেরত প্রদান করা হবে।

০৭) স্বাক্ষরিত চুক্তিপত্র অনুযায়ী নির্বাচিত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। কোন ব্যক্তির নামে কার্যাদেশপত্র ইস্যু করা হবে না।

০৮) সরকারী কাজের স্বার্থে সংশ্লিষ্ট জনবলকে সরকারী কর্ম দিবসে দায়িত্ব পালন করতে হবে। তবে বিশেষ প্রয়োজনে ছুটির দিনেও কাজ করতে হবে।

০৯) সরবরাহকৃত জনবলের মধ্যে কারো কাজের মান সন্তোষজনক বিবেচিত না হলে অবহিত করণের পরবর্তী ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে।

১০) RFP পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অসদাচরণ, অদক্ষতা/অবহেলার কারণে সরকারী কোন সম্পদের ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়-দায়িত্ব বহন করতে হবে।

১১) RFP মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।

১২) একই ধরণের প্রকল্পের কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

১৩) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বিধি মোতাবেক বিল পরিশোধ করা হবে এবং প্রতিষ্ঠানের মাসিক বিল হতে বিধি মোতাবেক সরকার নির্ধারিত ভ্যাট, আয়কর ও অন্যান্য চার্জ (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করার পর কর্মচারীদের বেতন প্রদত্ত তালিকায় উল্লিখিত বেতনের কম হতে পারবে না। কোন কর্মচারীর ওভারটাইম ভাতা সংশ্লিষ্ট জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান দাবী করতে পারবে না।

১৪) প্রার্থীদের ২(দুই) কপি ছবিসহ, পিতা ও মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, নিজ জেলা, মোবাইল নম্বরসহ অভিজ্ঞতার সনদ, নাগরিকত্ব সনদ, চারিত্রিক সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপিসহ জীবন বৃত্তান্ত প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। স্বাক্ষাৎকারের সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৫) জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তি যে কোন পক্ষ ০১(এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।

১৬) সরবরাহকৃত জনবলের কাজের মান ও আচরণ সন্তোষজনক না হলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে অবহিতকরণের ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে ন্যূনতম সমমানের উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে।

১৭) প্রাথমিকভাবে চুক্তির মেয়াদ ০৪ (চার) মাস, তবে উভয়পক্ষের সম্মতিতে প্রকল্প মেয়াদকালীন সময় পর্যন্ত জনবল সরবরাহের চুক্তি নবায়ন করা যেতে পারে।

১৮) নিম্নস্বাক্ষরকারী/উর্ধ্বতন কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তিটি সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১০/০২/২০২১

প্রকল্প পরিচালক
বিসিক প্লাস্টিক শিল্পনগরী প্রকল্প
সিরাজদিখান, মুন্সিগঞ্জ।
ইমেইল : pdbscicplastic@gmail.com